

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০১

১/ ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৭১. রাসূলুল্লাহ (ﷺ) এর প্রতি ওয়াহী ওয়াহীর অবতরণের সূচনা।

আরবী

حَدِيْثُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ الأنصاري عَنْ يَحْيَى بْنِ كَثِيرٍ سَأَلْتُ أَبَا سَلَمَةَ بْنَ عَبْدِ اللهِ الرَّحْمَنِ عَنْ أَوَّلِ مَا نَزَلَ مِنَ الْقُرْآنِ قَالَ يَا أَيُّهَا الْمُدَّثِّرُ قُلْتُ يَقُولُونَ اقْرَأْ بِاسْمِ رَبِّكَ اللّهِ حَلَقَ فَقَالَ أَبُو سَلَمَةَ سَأَلْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا عَنْ ذَلِكَ وَقُلْتُ لَهُ مِثْلَ الَّذِي قُلْتَ فَقَالَ جَابِرٌ لاَ أُحَدِّثُكَ إِلاَّ مَا حَدَّثَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قالَ مَثْلُ الَّذِي قُلْتَ فَقَالَ جَابِرٌ لاَ أُحَدِّثُكَ إِلاَّ مَا حَدَّثَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قالَ جَاوَرْتُ بِحِرَاءٍ فَلَمَّا قَضَيْتُ جَوَارِي هَبَطْتُ فَنُودِيتُ فَنَظَرْتُ عَنْ يَمِينِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ عَنْ يَمِينِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ عَنْ يَمِينِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ عَنْ شِمَالِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ أَمَامِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ خَلْفِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ خَلُودِيتُ فَوَلَاتُ وَتَطُرْتُ عَنْ يَمِينِي فَلَمْ أَرَ شَيْئًا وَنَظَرْتُ مُ اللهِ عَلَى وَصَبُوا عَلَيْ مَاءً بَارِدًا قَالَ فَرَقُودِيتُ وَصَبُوا عَلَيَّ مَاءً بَارِدًا قَالَ فَذَرُلَتْ (يَا أَيُّهَا الْمُدَّتِّرُ قُمْ فَأَنْذِرْ وَرَبَّكَ فَكَبِّرْ) فَدَوْلُونِ وَصَبُوا عَلَيَّ مَاءً بَارِدًا قَالَ فَنَزَلَتْ (يَا أَيُّهَا الْمُدَّتِّرُ قُمْ فَأَنْذِرْ وَرَبَّكَ فَكَبِرْ)

বাংলা

১০১. ইয়াহ্ইয়াহ ইবনু কাসীর (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবু সালামাহ ইবনু আবদুর রহমান (রহ.)-কে কুরআন মাজীদের কোন্ আয়াতটি সর্বপ্রথম অবতীর্ণ হয়েছে জিজ্ঞেস করলে তিনি বললেন, ঠুঁইটা প্রথম অবতীর্ণ হয়েছে। আমি বললাম, লোকেরা তো বলে اقُرُأُ بِاسْمِ رَبِكَ الَّذِيْ حَلَق প্রথম অবতীর্ণ হয়েছে। তখন আবু সালামাহ বললেন, আমি এ বিষয়ে জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলাম এবং তুমি যা বললে আমিও তাকে হুবহু তাই বলেছিলাম। জবাবে জাবির (রাঃ) বলেছিলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ 'আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যা বলেছিলেন, আমিও হুবহু তাই বলব। তিনি বলেছেন, আমি হেরা গুহায় ই'তিকাফ করতে লাগলাম। আমার ই'তিকাফ শেষ হলে আমি সেখান থেকে নামলাম। তখন আমাকে আওয়াজ দেয়া হল। আমি ডানে তাকালাম; কিন্তু কিছু দেখতে পেলাম না, বামে তাকালাম, কিন্তু এদিকেও কিছু দেখলাম না। এরপর সামনে তাকালাম, এদিকেও কিছু দেখলাম না। এরপর পেছনে তাকালাম, কিন্তু এদিওক আমি কিছু দেখলাম না। শেষে আমি উপরের দিকে তাকালাম, এবার একটা বস্তু দেখতে পেলাম। এরপর আমি খাদীজা (রাঃ)-এর কাছে এলাম এবং তাকে বললাম, আমাকে বস্ত্রাছ্লাদিত কর এবং আমার শরীরে ঠান্ডা পানি ঢাল। তিনি বলেন, তারপর তারা আমাকে বস্ত্রাছ্লাদিত করে এবং ঠান্ডা পানি ঢাল। নবী সাল্লাল্লাহ্ 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, এরপর অবতীর্ণ হলঃ 'হে বন্ত্রাচ্ছাদিত। উঠ, সতর্কবাণী প্রচার কর এবং তোমার প্রতিপালকের শ্রেষ্ঠত্ব ঘোষণা কর।



ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫: তাফসীর, অধ্যায় ৭৪, হাঃ ৪৯২২; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৭৩, হাঃ ১৬০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু আবী কাসীর (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন